

খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা প্রতিমন্ত্রী

সচিবদের কারণেই

মাস্টার প্র্যানে

ডুল হয়

মোশাব্বিরক বাবুল, খুলনা থেকে : শিক্ষা প্রতিমন্ত্রী ডা. ন ম এছানুল হক মিলন বলেছেন, মন্ত্রীর ক্ষমতায় এসে আবার চলে যান, সচিবরাই সরকারে থাকেন। সচিবরা সঠিক পরিকল্পনা করেন না বলেই মাস্টার প্র্যানে ডুল থাকে। গতকাল বুধবার খুলনা বিশ্ববিদ্যালয়ে নগর ও গ্রামীণ পরিকল্পনা বিভাগের মাস্টার প্রোগ্রাম-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে প্রতিমন্ত্রী একথা বলেন। খুলনা সিটির মেয়র শেখ তৈয়্যেবুর রহমান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৭

সচিবদের কারণেই

● শেখের পাতার পর

ডা. ন ম এছানুল হক মিলন বলেন, সরকারের অনুমোদিত পরিকল্পনা ছাড়া বাড়িঘর করতে পারবে না। কারণ আমাদের ভূমি সীমিত। এই সীমিত ভূমির প্রতিটি ইঞ্চি যথাযথভাবে কাজে লাগাতে হবে। যত্রতত্র রাস্তাঘাট বাড়িঘর করা থেকে বিরত থাকতে হবে। তবে সচিব ও সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারদের এব্যাপারে আরো সচেতন হতে হবে।

এদিকে শিক্ষা প্রতিমন্ত্রী ডা. ন ম এছানুল হক মিলন গতকাল বুধবার দুপুরে খুলনা সরকারি বালিকা কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

এছাড়া মন্ত্রী খুলনার পাইকগাছা উপজেলার ফসিয়ার রহমান মহাবিদ্যালয়ের নতুন একাডেমি ভবন ও টাউন মাধ্যমিক বিদ্যালয় ভবনের উদ্বোধন করেন।